

প্রকাশ্য নিলাম বিক্রয়ের কার্যক্রম সভার কার্যবিবরণীঃ

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, অঞ্চল-১ এর ২৮/০৫/২০২৩খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক অদ্য ২৮/০৫/২০২৩খ্রি. তারিখে বিক্রয় কমিটির সদস্যদের নিয়ে রাজশাহী-নাটোর রোড সম্প্রসারণ এবং বিদ্যুৎ লাইনের মেরামত কাজের সময়ে রোড কর্তৃপক্ষ কর্তৃক আম গাছের ছাটাইকৃত ডালপালা বিক্রয়ের নিমিত্তে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ নুর-এ-আলম সিদ্দিকী, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, অঞ্চল-১, শ্যামপুর, রাজশাহী ও সভাপতি টেন্ডার/অকশন/নিলাম কমিটি। সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

- ১। মোঃ নুর-এ-আলম সিদ্দিকী, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
- ২। মোঃ জাহিদুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
- ৩। মোঃ মনোওয়ালুল ইসলাম চৌধুরী, বৈজ্ঞানিক কর্মকর্তা
- ৪। মোহাম্মদ সাইফুল হক, বৈজ্ঞানিক সহকারী
- ৫। মোঃ উজির আলী, স্টেনো
- ৬। মোঃ জালাল, ভান্ডার রক্ষক
- ৭। এস, এম, মফিজুল হক, বৈজ্ঞানিক সহকারী

সভাপতি

সদস্য

সদস্য

সদস্য

সদস্য


সদস্য

সদস্য-সচিব

সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১। প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে উক্ত ডালপালা বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি জারী করবেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, অঞ্চল-১, শ্যামপুর, রাজশাহী।
- ২। ২৮/০৫/২০২৩খ্রি. তারিখে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে।
- ৩। ০১/০৬/২০২২খ্রি. তারিখে নিলামের দিন ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। ৫০০/- (পাঁচশত) টাকা জামানত হিসেবে জমা দিয়ে নিলাম কার্যক্রমে অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। সর্বনিম্ন ডাক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হতে নিলাম ডাক শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৬। নিলাম ডাকের সর্বাধিক প্রচারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


মোঃ নুর-এ-আলম সিদ্দিকী
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
সরেজমিন গবেষণা বিভাগ, অঞ্চল-১
কৃষি গবেষণা কেন্দ্র, শ্যামপুর, রাজশাহী।